গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর**
**প্রশাসন-১ অধিশাখা**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অনুষ্ঠিত এপ্রিল ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রেজওয়ানুর রহমান<br>মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| স্থান | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ২৩.০৪.২০২৫ খ্রি. |
| সময় | : | বিকাল: ৩.০০ ঘটিকা |
| হাজিরা | : | পরিশিষ্ট -ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা অনুযায়ী উক্ত নথিসমূহ শুধুমাত্র ডি-নথিতেই নিষ্পত্তি করার উপর অধিক গুরুত্ব দেয়ার পরামর্শ দেন। তিনি নির্ধারিত সময়ে অধীনস্তদের অফিসে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য সকল পরিচালককে নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক বিগত ২৩.০৩.২০২৫ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২. অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**১. ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্রসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে অধিক গুরুত্বসহ আলোচনা করা হয়। এপিএ এর লক্ষ্যমাত্রাঅনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা অনুযায়ী শুধু ডি-নথিতে নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইতোমধ্যে ডি-নথি'র উপর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। বর্তমানে বিভিন্ন উইংয়ে ডি-নথিতে নিষ্পত্তিকৃত পত্র সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে মর্মে ভারপ্রাপ্ত প্রোগ্রামার সভায় উল্লেখ করেন। | i) ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা অনুযায়ী উক্ত নথিসমূহ শুধুমাত্র ডি-নথিতেই নিষ্পত্তি করতে হবে এবং সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে।<br>ii) বিভিন্ন দপ্তর বা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্রসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব দিতে হবে | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

**২. বিভাগীয় মোকদ্দমা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপ: | ক. বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ক. উপপরিচালক (প্রশাসন-১/২) ও সহকারী পরিচালক (প্রশাসন-১) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ১২/২০২১ (৮.৬.২১) | জনাব মোঃ বাকি বিল্লাহ<br>সহকারী প্রকৌশলী<br>মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | আদালতে মামলা নিষ্পত্তি, আদেশের অপেক্ষায় |
| ২ | ১৩/২০২১ (৮.৬.২১) | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী<br>মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | ঐ |
| ৩ | ১৪/২০২১ (৮.৬.২১) | জনাব দিলীপ কুমার সেন<br>ওসি, ত্রাণ গুদাম | ১ম শ্রেণিতে যোগদান না করা। | ঐ |
| ৪ | ৩৫/২০২২ | জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন, পিআইও, নিকলী, কিশোরগঞ্জ) | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় |
| ৫ | ২/২০২৪ | জনাব মোহাম্মদ আলী<br>পিআইও, দুমকি, পটুয়াখালী | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় |
| ৬ | ০৩/২০২৪ | জনাব মোঃ রায়হানুল হক, অফিস সহকারী , পিআইওঅফিস, চাটমোহর। | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | কার্যক্রম চলমান |
| ৭ | ০৪/২০২৪ | জনাব মোঃ নুরুন্নবী সরকার, পিআইও, শাল্লা, সুনামগঞ্জ (সাবেক পিআইও হাকিমপুর, দিনাজপুর) | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় |
| ৮ | ০৫/২০২৪ | জনাব লাইয়ুব হোসেন, অফিস সহকারী , পিআইওঅফিস, গোপালপুর,টাংগাইল | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় |
| ৯ | ০৬/২০২৪ | জনাব বিজন কৃষ্ণ খরাতি, পিআইও, প্রধান কার্যালয়ে সংযুক্ত (সাবেক নলছিটি,ঝালকাঠি) | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। | কার্যক্রম চলমান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ০১/২০২৫ | মোঃ মনিরুজ্জামান সরকার, পিআইও, মিঠাপুকুর,রংপুর | ব্যক্তিগত শুনানী হয়েছে। | কার্যক্রম চলমান |
| ১১ | ০২/২০২৫ | মোঃ তরিকুল ইসলাম,পিআইও, বামনা বরগুনা। | ব্যক্তিগত শুনানী হয়েছে। | কার্যক্রম চলমান |
| ১২ | ০৩/২০২৫ | জনাব নায়েমা তাবাচ্ছুম শাহ, পিআইও,ভালুকা, ময়মনসিংহ (অধিদপ্তরে সংযুক্তির আদেশাধীন) | ব্যক্তিগত শুনানী হয়েছে। | কার্যক্রম চলমান |
| ১৩ | ০৪/২০২৫ | কে এম নজরুল ইসলাম পিআইও,অধিদপ্তরে সংযুক্তি | অভিযোগনামার জবাব পাওয়া গেছে। | কার্যক্রম চলমান |

খ.মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।

**৩. বিভিন্ন আদালতে চলমান মামলা**

| | | |
|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার হালনাগাদ তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে সহকারী পরিচালক (আইন) বলেন যে, মামলার ধার্য্য তারিখে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীগণ উপস্থিত থেকে শুনানীতে অংশ নিয়ে থাকেন। মামলার তালিকা হালনাগাদসহ অতি গুরুত্বপূর্ণ মামলাগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে।<br>ii) ইতোপুর্বে নিয়োগকৃত প্যানেল আইনজীবীদের সাথে সরকারের চুক্তির মেয়াদ শেষ হওয়ায় নতুন ০৩(তিন) জন প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত গত ০৯.০৩.২০২৫ পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। নিয়োগ কার্যক্রম চলমান আছে । | i) মামলার ধার্য্য তারিখে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীগণের শুনানীতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>ii) স্বচ্ছতার ভিত্তিতে উপযুক্ত আইনজীবী নিয়োগ প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>iii) মন্ত্রণালয়সহ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের চলমান মামলার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আইন সেলের কার্যক্রমও বৃদ্ধি পেয়েছে। মামলার তথ্যসমূহ হালনাগাদ রাখা, প্যানেল আইনজীবীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করা এবং মহামান্য আদালতে নির্ধারিত দিনসমূহে উপস্থিত থাকাসহ দাপ্তরিক কাজের জন্য আইন সেলে একজন কর্মকর্তা ও একজন অফিস সহায়ক পদায়নের ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (আইন)<br><br>প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি<br><br>পরিচালক (প্রশাসন) |

**৪. অডিট আপত্তি নিষ্পত্তি ।**

| | | |
|---|---|---|
| ক) সহকারী পরিচালক (বাজেট ও অডিট) বলেন যে, প্রধান কার্যালয়ের মোট অনিষ্পন্ন অডিট আপত্তি ১১৮টি। যার মধ্যে ১১০টি আপত্তির ব্রডশীট জবাব ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। বাকি ০৮টির ০৭ টির জবাব পাওয়া গেছে, ব্রডশীট প্রস্তুত করা হচ্ছে। অবশিষ্ট প্রশাসন-২ শাখায় ০১ টির জবাব পাওয়া যায় নি। কার্যক্রম চলমান আছে।<br>খ) ৬৪টি জেলায় অভ্যন্তরীণ অডিট আপত্তির সংখ্যা ২৬০৩ টি এবং সামাজিক নিরাপত্তা অধিদপ্তরের অধীন সংবিধিবদ্ধ আপত্তির সংখ্যা ১৩৮৪ টি যা অনিষ্পন্ন অবস্থায় আছে মর্মে উপপরিচালক (বাজেট/হিসাব) সভায় উল্লেখ করেন। ৬৪টি জেলায় অভ্যন্তরীণ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের ডিআরআরও এবং পিআইওদেরকে নিয়ে ক্রমান্বয়ে বিভাগওয়ারী সভা/প্রশিক্ষণের আয়োজন এর অংশ হিসেবে রংপুর বিভাগের কার্যক্রম ইতোপুর্বে সম্পন্ন করা হয়েছে। | ক) অবশিষ্ট প্রশাসন-২ শাখার (আনসারদেরবেতন বিল সংক্রান্ত) ০১ টির জবাব দ্রুত সংগ্রহ করে ব্রডশীট আকারে জবাব প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br><br>খ) মন্ত্রণালয়ের সাথে অভ্যন্তরীন সভা আহবান করে অডিট আপত্তি নিষ্পত্তির পদক্ষেপ নিতে হবে।<br>২. ফাপাড এবং ইজিপিপির অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়ার সাথে সাথেই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং জবাব প্রেরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩. পিপিআর-২০০৮ অনুযায়ী নির্ধারিত ক্রয় সীমার মধ্যে মালামাল ক্রয় করতে হবে যাতে পরবর্তীতে কোন অডিট আপত্তি উত্থাপিত না হয়। | ক) উপপরিচালক (১/২/বা:/হি:)<br><br>উপপরিচালক (২/বা:/হি:)/প্রশিক্ষণ |

**৫. অকেজো গাড়ী/অব্যবহৃত মালামাল নিষ্পত্তি সংক্রান্তঃ**

| | | |
|---|---|---|
| ক.অধিদপ্তরের প্রধাণ কার্যালয়ে গত ১৮ জুলাই ২০২৪ খ্রি তারিখে অগ্নিকান্ডে ভস্মীভূত যানবাহন নিলামে বিক্রির বিষয়ে আলোচনা। অগ্নিকান্ডে ভস্মীভূত ১৮টি যানবাহন ও বিভিন্ন করিডোরে/কক্ষে থাকা অব্যবহৃত ফটোকপি/আসবাবপত্র/অন্যান্য মালামাল নিলামে বিক্রির জন্য দরপত্র আহবান করা হয়েছে, আগামী ২৮.০৪.২০২৫ দরপত্র গ্রহণের দিন ধার্য্য আছে মর্মে | ক. i) অগ্নিকান্ডে ভস্মীভূত অবশিষ্ট যানবাহন এবং অধিদপ্তরের বিভিন্ন করিডোরে/কক্ষে থাকা অব্যবহৃত ফটোকপি/আসবাবপত্র/অন্যান্য মালামাল তালিকা করে দ্রুত বিধিমতে নিলামে বিক্রির পদক্ষেপ নিতে হবে। | ক. উপপরিচালক (২) এবং (সহকারী পরি: যান)/ গঠিত কমিটি |

| | | |
|---|---|---|
| সহকারী পরিচালক (যান) সভায় উল্লেখ করেন।<br>খ) এ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে আনা নেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহন ক্রয়ের ব্যবস্থাসহ মেরামতযোগ্য গাড়ীগুলো দ্রুত মেরামতের পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইতিমধ্যে ১৫ টি জীপ গাড়ী পরিবহন পুল থেকে এ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য বরাদ্দ দেয়া হয়েছে। গাড়ীগুলো বর্তমানে বিভিন্ন রুটে চলাচল করছে তবে ১৫টি গাড়ীই ভালোভাবে সচল করতে মেরামত করা প্রয়োজন মর্মে সহকারী পরিচালক (যান) সভায় উল্লেখ করেন। | খ) প্রাপ্ত ১৫ টি জীপ গাড়ী প্রাধিকার অগ্রাধিকার ভিত্তিতে এ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে আনা নেয়ার কাজে ব্যবহারের উদ্দেশ্যে রুট উল্লেখ করে বরাদ্দ দিতে হবে এবং সরকারী বিধিমতে প্রয়োজনীয় মেরামতের পদক্ষেপ নিতে হবে।। তাছাড়া প্রয়োজনীয় সংখ্যক নতুন যানবাহন ক্রয়সহ মেরামত যোগ্য যানবাহনসমূহ দ্রুত মেরামতের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | |
| **৬.সামাজিক নিরাপত্তা কর্মসূচি** | | |
| ক. কাবিখা/ কাবিটা ও টিআর কর্মসূচি: i) ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম ও ২য় ও ৩য় কিস্তিতে ১০৫০.০০ (এক হাজার পঞ্চাশ) কোটি টাকা এবং ৭০ (সত্তর হাজার) মেঃটন চাল ও ৭০ (সত্তর হাজার) মেঃটন গম বরাদ্দ পেয়ে বরাদ্দপত্রের শর্তমতে উপজেলাওয়ারী বিভাজন করে উপবরাদ্দ জারী করা হয়েছে মর্মে উপপরিচালক (কাবিখা-১) সভায় উল্লেখ করেন।<br>ii) তাছাড়া গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় ও ৩য় কিস্তিতে উপজেলা ও পৌরসভাসহ বিভাগীয় কমিশনার,জেলা প্রমাসক এবং সিটি কর্পোরেশন এর অনুকুলে সর্বমোট ১১১২.৬৬ (এক হাজার একশত বার কোটি ছিয়াষট্টি লক্ষ টাকা বরাদ্দ পেয়ে বরাদ্দপত্রের শর্তমতে উপজেলাওয়ারী বিভাজন করে উপবরাদ্দ জারী করা হয়েছে এবং গৃহীত ও অনুমোদিত প্রকল্পসমূহের কাজ আগামী ১৫.০৩.২০২৫ তারিখের মধ্যে বাস্তবায়ন করার বাধ্যবাধকতা রয়েছে মর্মে উপপরিচাল (কাবিখা-২) সভায় উল্লেখ করেন। পরিচালক (কাবিখা) সভায় উল্লেখ করেন। | ক. i) ও ii) ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্য দ্বারা অতি দ্রুত প্রকল্প গ্রহণ ও অনুমোদনপূর্বক নির্ধারিত সময়ের মধে বাস্তবায়নের লক্ষে ডিআরআরওদের সার্থে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>iii) ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচি এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে প্রকল্প বাস্তবায়নের মেয়াদ ১৬.০৩.২০২৫ থেকে কমপক্ষে আরো দুই মাস বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>iv) যে সকল জেলাধীন উপজেলাসমূহর প্রকল্প তালিকা ইতোপুর্বে অনুমোদিত হয়েছে সে সকলে উপজেলায় গৃহীত প্রকল্পের প্রি-ওয়াক পরিমাপ অধিদপ্তরের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দ্রুত যাচাই করবেন এবং প্রকল্পের কাজ শুরুর ব্যবস্থা নিবেন। প্রকল্পের সভাপতি কর্তৃক প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী যথাযথভাবে সম্পাদন করেন কিনা সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করতে হবে। | উপপরিচালক (কাবিখা -১)<br><br>উপপরিচালক (কাবিখা -২)<br><br>পরিচালক (কাবিখা/ পরিকল্পনা) |
| খ.১. ইজিপিপি: কর্মসূচি:১. ২০২৪-২০২৫ অর্থ বছরের ১৫০৪,৫০,০০,০০০/- কোটি টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দ পাওয়া যায় নি।<br>খ.২. গত ২০২২-২০২৩ অর্থ বছরের অতিরিক্ত স্থানান্তরিত অর্থের মধ্যে চারটি উপজেলার ৬,২৩,৮২৪.৩২ টাকা অনাদায়ী আছে, চলতি অর্থ বছরের বরাদ্দ হতে সমন্বয় বা আদায় করা হবে মর্মে পরিচালক (কাবিখা) সভায় জানান। | খ.১. ১ম পর্যায়ের ৪০ দিনের কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ.২. গত ২০২২-২০২৩ অর্থ বছরের শ্রমিক মজুরি'র অতিরিক্ত স্থানান্তরিত অবশিষ্ট অর্থ ২০২৪-২০২৫অর্থ বছরের বরাদ্দ থেকে আদায়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (কাবিখা -৩) |
| **৭.ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচি** | | |
| পরিচালক (ভিজিডি) জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষ্যে ১,০০,৭৬১.৪৬০ মে.টন চাল বরাদ্দ দেয়া হয়েছে। ১,০০,৭৬১৪৬ টি উপকারভোগী পরিবার বা কার্ডের বিপরীতে ১০ কেজি করে চাল বিনামূল্যে পেয়েছে। বিতরণের বিষয়ে কোন অনিয়ম বা অভিযোগ পাওয়া যায় নি।<br>ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ঋণ ও অনুদান হিসেবে ৬২টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছরথেকে ২০০৬-২০০৭ অর্থবছরে মোট ১৪৫ কোটি ৬৪ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত সর্বমোট ৩৭ কোটি ৮৬ লক্ষ ৫০ হাজার ৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ঋণ ও অনুদান হিসেবে ৭টি জেলায় বিগত ২০০৩-২০০৪ অর্থবছরে মোট ৪ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত মোট আদায় ১ কোটি ২৮ লক্ষ ৬৬ হাজার ৫৩৭ টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা আছে মর্মে পরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষ্যে বরাদ্দকৃত চাল যথাসময়ে সুষ্ঠুভাবে বিতরণ এর কোন অভিযোগ বা অনিয়মের তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে।<br>ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায় জোরদার করতে হবে। পরিচালক (ভিজিডি) বিষয়টি নিশ্চিত করবেন। | পরিচালক (ভিজিডি) |
| **৮.মূল্যায়ন ও পরিবীক্ষণ** | | |
| ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় গৃহীত ও অনুমোদিত প্রকল্পের পি-ওয়াক পরিমাপ যাচাই এর জন্য দায়িত্বপ্রাপ্ত এ অধিদপ্তরের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলায় গ্রহীত প্রকল্পের প্রাক জরীপ যাচাই করে দ্রুত প্রতিবেদন দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়া গত ডিসেম্বর/২০২৪ মাসের সমন্বয় সভায় উপপরিচালক (মূওপ-২) জনাব মোহাম্মদ আওলাদ হোসেন কর্তৃক পেশকৃত প্রস্তাবনা বাস্তবায়নের | ক. ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় গৃহীত ও অনুমোদিত প্রকল্পের প্রি-ওয়াক পরিমাপ যাচাই এর জন্য দায়িত্বপ্রাপ্ত এ অধিদপ্তরের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলায় গ্রহীত প্রকল্পের প্রাক জরীপ যাচাই করে নির্ধারিত ছকে দ্রুত প্রতিবেদন দিবেন।<br>খ) মূওপ উইং, কাবিখা উইং এবং এমআইএম উইং | পরিচালক (কাবিখা/ (মূওপ)/মিম।<br><br>পরিচালক |

| | | |
|---|---|---|
| অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। | যৌথভাবে পর্যালোচনা করে উপপরিচালক (মুওপ-২) জনাব মোহাম্মদ আওলাদ হোসেন কর্তৃক গত ডিসেম্বর/২০২৪ মাসের সমন্বয় সভায় পেশকৃত প্রস্তাবনা বাস্তবায়ন বিষয়ে স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা/ পদক্ষেপ গ্রহণের নিমিত্ত ধারনাগত সুপারিশমালা আলাদাভাবে প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহীত হয়। | (মুওপ) |
| **৯.ত্রাণ কার্যক্রম** | | |
| ক. ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃতঅর্থ দ্বারা সরকারি পরিপত্র এবং পিপিআর-২০০৮ অনুযায়ী স্পেসিফিকেশন অনুযায়ী ঢেউটিন, কম্বল এবং শুকনা খাবার ক্রয় ও বিতরণের বিষয়ে আলোচনা করা হয়। জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক ঢেউটিন ক্রয়পূর্বক বিধিমোতাবেক বিতরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে অর্থ বরাদ্দ দেয়া হয়েছে, ক্রয় কার্যক্রম চলমান আছে। তাছাড়া পবিত্র ঈদ ইল ফিতর. ২০২৫ উপলক্ষে গরীর ও দুস্থদের মাঝে বিতরণের জন্য মাননীয় প্রধান উপদেষ্ঠার ত্রাণ ভান্ডার হতে ২০ টি জেলায় বরাদ্দকৃত ১,৬০,০০০ পিস শাড়ী (প্রতি জেলায় ৮০০০ টি করে) যথাযথভাবে বিতরণ সম্পন্ন হয়েছে মর্মে উপপরিচালক (ত্রাণ-২) সভায় উল্লেখ করেন। প্রয়োজনীয় লোকবলের অভাবে বিভিন্ন জেলায় বরাদ্দ দেয়া নৌযানসমূহ অরক্ষিত অবস্থায় পড়ে আছে এবং ক্রমান্বয়ে ব্যবহার অযোগ্য হয়ে পড়ছে, যা অধিদপ্তরের মাধ্যমে দ্রুত দেখবাল করা প্রয়োজন মর্মে সভায় অনেক সদস্য মত প্রকাশ করা হয়।<br>খ. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মোহাজের সম্পত্তি উদ্ধারের বিষয়ে আলোচনা করা হয়। যে সকল জেলায় মোহাজের সম্পত্তি আছে সে সকল জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের নিকট হতে হালনাগাদ তথ্য সংগ্রহ করে মোহাজের সম্পত্তি'র সার্বিক চিত্র অর্থাৎ জেলা/ উপজেলায় কত জমি অবৈধ দখলে এবং কত জমি সরকারের দখলে আছে এবং কত জমির জমির ভুমি উন্নয়ন কর অধিদপ্তর পরিশোধ করে সে বিষয়ে তথ্যাদি প্রস্তুতের জন্য সভাপতি অতি গুরুত্ব সহকারে আলোচনা করেন,<br>গ. ঢাকা জেলার ডেমরায় এবং বরিশাল জেলাধীন বরিশাল সিটি কর্পোরেশনের আলেকান্দা মৌজায় ৭.৮০ একর মোহাজের সম্পত্তি চিহ্নিত করে সীমানা প্রাচীর নির্মাণ করে সরকারের দখলে আনার বিষয়ে সভায় আলোচনা হয়। | ক.i) স্পেসিফিকেশন অনুযায়ী শুকনা খাবারের গুনগতমান নিশ্চিত হয়ে শুকনা খাবার গ্রহণ করতে হবে। তাছাড়া বাজেট বরাদ্দ অনুযায়ী পিপিআর-২০০৮ অনুযায়ী নির্ধারিত কর্মপরিকল্পনা মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরে কম্বল, শুকনা খাবার ঢেউটিনসহ অন্যান্য মালামাল ক্রয়ের দ্রুত পদক্ষেপ নিতে হবে। গুণগতমান এবং স্পেসিফিকেশন যথাযথভাবে পরীক্ষা করে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে মালামাল সরবরাহ নিতে হবে।<br>ii) ঢেউটিন ক্রয়ের ভাউচার দ্রুত দাখিল করতে হবে।<br>iv) বিভিন্ন জেলায় সচল ও অচল নৌযানের সার্বিক তথ্য সংশ্লিষ্ট জেলা হতে সংগ্রহ করে পরবর্তী সভায় করনীয় বিষয়ে প্রস্তাবনাসহ উপস্থাপন করতে হবে।<br>খ.মোহাজের সম্পত্তি উদ্ধার বিষয়ে আলাদা সভা করে মোহাজের সম্পত্তি'র সার্বিক চিত্র অর্থাৎ জেলা/ উপজেলায় কত জমি অবৈধ দখলে এবং কত জমি সরকারের দখলে আছে, যে সকল জমির ভুমি উন্নয়ন কর অত্র অধিদপ্তর পরিশোধ করে সে বিষয়ে মন্ত্রণালয় এর চাহিদামতে তথ্য সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>গ.১. ঢাকা জেলার ডেমরায় অবস্থিত মোহাজের সম্পত্তির মধ্যে কতটুকু সরকারের দখলে, কতটুকু অবৈধ দখলে এবং কতটুকু জমির ভুমি উন্নয়ন কর এ অধিদপ্তর পরিশোধ করে সার্বিক বিষয়ে তথ্য পরবর্তী মিটিংয়ের আগেই প্রেরণ করতে হবে।<br>গ.২. বরিশাল জেলাধীন বরিশাল সিটি কর্পোরেশনের আলেকান্দা মৌজায় অবস্থিত ৭.৮০ একর মোহাজের সম্পত্তি চিহ্নিত করে সীমানাপ্রাচীর নির্মাণ করে সরকারের দখলে আনার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। অধিদপ্তর হতে সরেজমিনে পরিদর্শন করতে হবে এবং প্রয়োজনে জেলা প্রশাসক বরিশাল বিভাগীয় কমিশনার,বরিশাল এর সহায়তা নিতে হবে। | পরিচালক (ত্রাণ)/ডিআর আরওগণ<br>পরিচালক (ত্রাণ)/ উপপরিচালক (ত্রাণ-১/২)<br>ডিআরআরও, ঢাকা।<br>পরিচালক (ত্রাণ)/ ডিআরআরও, বরিশাল |
| **১০ .এমআইএম অনুবিভাগের কার্যক্রম** | | |
| ক. উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিষ্টারে নিয়মিত সংরক্ষণ করা হয় মর্মে পরিচাল ক(মিম) সভাকে অবহিত করেন।<br>খ. অধিদপ্তরের ওয়েবসাইট/ গ্যালারী নির্ভূলভাবে হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা করা হয়। অধিকাংশ জেলা/উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন আপডেট পাওয়া যায় না মর্মে উপপরিচালক (এমআইএম) সভায় উল্লেখ করেন। | ক.উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদিসহ ইউনিয়ন ভিত্তিক মৃত মানুষ ও গবাদি পশুর তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ অব্যাহত রাখতে হবে।বিভিন্ন দুর্যোগে বা বজ্রপাতে মৃত মানুষের প্রতিমাসের হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ করতে হবে।<br>খ. ওয়েবসাইট সব সময় হালনাগাদ রাখতে হবে। সকল শাখার/প্রকল্পের হালনাগাদ তথ্য প্রোগ্রামারকে দিতে হবে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও কর্মচারীসহ সকল কর্মকর্তা এবং কর্মচারীদের বদলির এক সপ্তাহের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে এ জন্য বদলীর কপি / অনুলিপি তাৎক্ষণিকভাবে প্রোগ্রামারকে দিতে হবে।<br>গ) সকল জেলা/উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন সব সময় আপডেট রাখতে হবে। যে জেলা বা উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন আপডেট পাওয়া যাবে না সে সকল জেলা বা উপজেলার কর্মকর্তাকে দ্রুত ব্যবস্থা নিতে নির্দেশনা প্রদান করতে হবে।<br>ঘ) ইমারজেন্সি অপারেশন ড্যাশ-বোর্ড এবং অন্যান্য সফটওয়ার তৈরী | পরিচালক (এমআইএম)/ ও উপপরিচালক (এমআইএম)<br>খ. সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা ও প্রোগ্রামার<br>গ) পরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার |

| | | |
|---|---|---|
| | বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে হবে।<br>ঙ) মন্ত্রণালয়ের সাথে দ্রুত যোগাযোগ করে প্রোগ্রামার নিয়োগের ব্যবস্থা নিতে হবে। | ঘ) ও ঙ)পরিচালক (এমআইএম) |
| ১১.পরিকল্পনা ও প্রশমন শাখার কার্যক্রম | | |
| (ক) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, বন্যা-আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প, মাটির রাস্তা এইচবিবিকরণ, ব্রীজ কালভার্ট প্রকল্পসহ এডিপিভূক্ত মোট ১০টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। যার মধ্যে ০৯টি বিনিয়োগ এবং ০১টি কারিগরী সহায়তা প্রকল্প। এছাড়া ০৬টি নতুন প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি/পিডিপিপি প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প একনেকে অনুমোদনের অপেক্ষায় আছে, দুর্যোগ ঝুকিহ্রাসে সুবিধাবঞ্চিত জনগনের জীবনমান উন্নয়ন ও বন্যার সময় মৃতদেহ দাফনের জন্য কবরস্থান/শ্মশান/Cemetery উন্নয়ন শীর্ষক প্রকল্পের যাচাই বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র ও কাম ত্রাণ গুদাম নির্মাণ প্রকল্প (১ম পর্যায়) প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রক্রিয়াধীন রয়েছে। Bangladesh Sustainable Recovery Emergency preparedness and Response Project (B-strong) (DDM-part) প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। তাছাড়া ২০২৪-২৫ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মেও তিনি সভায় উল্লেখ করেন।<br>(খ) প্রশমন অধিশাখাঃ SOD অনুযায়ী সকল কমিটির সভা সময়মত আহবানের বিষয়ে আলোচনা করা হয়। | (ক একনেকের জন্য অপেক্ষমান থাকা ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পসহ ডিপিপি/পিডিপিপি প্রেরণ করা প্রকল্পের বর্তমান অবস্থা বা হালনাগাদ অগ্রগতি পরবর্তী সভায় আলাদাভাবে উপস্থাপন করতে হবে।<br>খ) SOD অনুযায়ী সকল কমিটির সভা আহবানের পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br><br>উপপরিচালক (প্রশমন) |
| ১২. এপিএ বিষয়ে আলোচনা | | |
| ২০২৪-২০২৫অর্থ বছরের APA কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা মোতাবেক সরকারি কর্মচারী শৃংখলা ও আপীল), নথি বিনষ্টকরণ,শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা। | ২০২৪-২০২৫অর্থ বছরের APA কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা মোতাবেক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), নথি বিনষ্টকরণ,শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের পদক্ষেপ নিতে হবে।<br>২. এপিএ'র লক্ষ্যমাত্রা যথাসময়ে যথাযথভাবে অর্জন নিশ্চিত করণের লক্ষ্যে টিআর/কাবিখাসহ সকল উন্নয়নমূলক প্রকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পরিদর্শন করবেন এবং প্রতিবেদন এর কপি সংশ্লিষ্ট পরিচালক এবং প্রকল্প পরিচালকসহ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবরে দাখিল করবেন। | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট<br><br>এপিএ টীম লিডার |
| ১৩. (গবেষণা ও প্রশিক্ষণঅনুবিভাগেরকার্যক্রম) | | |
| (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণে অধিকতর গবেষণা করা বিষয়ে আলোচনা।<br>(খ) প্রশিক্ষণ অধিশাখাঃ এপিএ কর্ম-পরিকল্পনা এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে মর্মে পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন। | (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণসহ নতুন নতুন আইডিয়া উদ্ভাবনে অধিকতর গবেষণা করে সুনির্দিষ্ট উপায় বের করতে হবে। দুর্যোগ সংক্রান্ত বিষয়ে গবেষণার প্রস্তাবিত প্রস্তাবনা ও গবেষকের নাম তালিকা দ্রুত চূড়ান্ত করে নির্ধারণ করে জমা দিতে হবে।<br>খ) ২০২৪-২০২৫ অর্থ বছরের APA কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক বুনিয়াদি প্রশিক্ষণসহ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮, নথি ব্যবস্থাপনা, নথি বিনষ্টকরণ,তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশন, পিপিআর- ২০০৮সহ গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)<br><br>পরিচালক (প্রশাসন) |
| ১৪. বিবিধ | | |
| ক) এ অধিদপ্তরের চলমান/সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোডকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>খ) এ অধিদপ্তরে ব্যবহৃত বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয়করণ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া বিদ্যুৎ সংযোগ সবসময় নিরাপদ রাখা এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ পরীক্ষা-নিরীক্ষা করে নিরাপদ সংযোগের বিষয়ে আলোচনা করা হয়।<br>গ) ক্ষতিগ্রস্ত লিফট, ইন্টারনেট, বিদ্যুৎ এবং টেলিফোন সংযোগ দ্রুত স্থাপনের বিষয়ে আলোচনা। এ বিষয়ে সহকারী প্রকৌশলী (কাবিখা) বলেন যে, ইতোমধ্যে টেলিফোন এবং বিদ্যুৎ লাইন মেরামত করে সংযোগ | ক) এ অধিদপ্তরের চলমান/ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/উপজেলা প্রকল্প বাস্তবায়নকর্মকর্তার পদায়ন ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে ছবিসহ আপলোড করে হালনাগাদ রাখতে হবে।<br>খ) সংশ্লিষ্ট রুমে অবস্থানকারী কর্মকর্তা/ কর্মচারীগণ স্ব-স্ব রুম/কক্ষ ত্যাগ করার সময় ফ্যান, লাইট এবং কম্পিউটার এর সুইচ তাঁদের স্ব-উদ্যোগে বন্ধ করবেন।<br><br>গ) গত ১৮ জুলাই ২০২৪ তারিখে ক্ষতিগ্রস্ত লিফট, ইন্টারনেট, বিদ্যুৎ, এসি এবং টেলিফোন সংযোগ স্থাপনের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে। | ক) প্রোগ্রামার ও সংশ্লিষ্ট শাখাপ্রধান<br><br>খ)সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী<br>গ) পরিচালক (প্রশাসন) ও সহকারী |

| | | |
|---|---|---|
| দেয়া হয়েছে। ১টি লিফট সচল করা হয়েছে। ইন্টারনেট সংযোগ দেয়া হচ্ছে এবং অন্যান্য মেরামত কাজ চলমান আছে।<br>ঘ) বিভিন্ন অধিশাখা এবং উইংয়ে কম্পিউটার, প্রিন্টার এবং ফটোকপি মেশিন নষ্ট বা অকেজো অবস্থায় আছে মর্মে অনেক সদসাই সভায় উল্লেখ করেন। | ঘ) সংশ্লিষ্ট অধিশাখা বা উইং থেকে অকেজো কম্পিউটার, প্রিন্টার এবং ফটোকপি মেশিনের তথ্য সংগ্রহ করে সেগুলো মেরামত যোগ্য হলে মেরামত করা এবং প্রয়োজনে নতুনভাবে সরবরাহের ব্যবস্থা নিতে হবে। | প্রকৌশলী (কাবিখা)<br>ঘ) উপপরিচালক (প্রশাসন-২) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫

স্মারকনং -৫১.০১.০০০০.০০৩.০৬.০৪৩.২৪.৩০২

তারিখ: ০৮.০৫.২০২৫ খ্রি.

অনুলিপি:সদয় অবগতিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। পরিচালক/ প্রকল্প পরিচালক ............................,(সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
২। জেলাপ্রশাসক ...............................(সকল)।
৩। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক,.......................(সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা। ।
৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,...............................................(সকল)।
৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। সহকারী পরিচালক (সকল) পিআইও/সহকারী প্রকৌশলী (সকল) . .................. ,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
৮। প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরি ত্রাণ গুদাম।
০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,তেজগাঁও সার্কেলঢাকা। ,
১০। কম্পিউটার অপারেটর/ হিসাব রক্ষক/উচ্চমান সহকারী.................... ,(সকল)দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
১১। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী ,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। অফিস কপি।

(তাসনুভা নাশতারান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-০২-২২২২৬১৩৬০